"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৭ - ৮২ তারিখঃ ২১ মার্চ, ২০১৮খ্রিঃ।

বিষয় : এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জন করায় এ বিভাগ সম্পর্কিত গৃহীত কার্যক্রম।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২২.০২১.১৭.১৬৯, তারিখ : ২১ মার্চ, ২০১৮খ্রি:।
(২) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের স্মারক নং-০৯.০০.০০০০.২২৬.৪৫.০২৪.১৮.৩৯০, তারিখ : ১২ মার্চ, ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

২১/০৩/১৮

(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

২১/০৩/১৮

বিতরণ :

| | | |
|---|---|---|
| ১-৪ | । | অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ৫-৫৪ | । | অধ্যক্ষ, ----সকল----পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া। |
| ৫৫-১১৮ | । | অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ----সকল---- |
| ১১৯-১২২ | । | আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা। |

অনুলিপিঃ

| | | |
|---|---|---|
| ১-৫ | । | পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৬ | । | সৈয়দ আসগর আলী , সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। |
| ৭ | । | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)। |
| ৮ | | প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৯ | । | মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। |
| ১০ | । | নথি। |

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
(সমন্বয় শাখা)
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২২.০২১.১৭.১৬৯

তারিখ: ০৭ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ / ২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়:** এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জন করায় এ বিভাগ সম্পর্কিত গৃহীত কার্যক্রম।

সূত্রঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের স্মারক নং ০৯.০০.০০০০.২২৬.৪৫.০২৪.১৮.৩৯০, তারিখ: ১২ মার্চ, ২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো। গত ১২-১৬ মার্চ ২০১৮ তারিখে জাতিসংঘের সিডিপি এর ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশের ক্যাটাগরি হতে উত্তরণের (Graduation from LDC Category) জন্য প্রথমবারের মত সুপারিশ লাভ করেছে। এ উপলক্ষে আগামী ২২ মার্চ ২০১৮ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা প্রদান করা হবে। একইসাথে এ ঐতিহাসিক অর্জনটি উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির মধ্যে এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নরূপ অনুষ্ঠান/কর্মসূচি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- 'সকল মন্ত্রণালয়/বিভাগ এবং জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দৌড় গোড়ায় পৌঁছে দিতে দৃশ্যমানভাবে সেবাদান ও মান নিশ্চিতকরণ।'
- 'সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে এলডিসি উত্তরণ সংক্রান্ত তথ্য উপস্থাপন'।

এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, এ বিভাগ হতে গত ১৪ মার্চ, ২০১৮ তারিখে জারিকৃত ১৬০ পত্রে আলোকে আগামী ২২ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ উদ্‌যাপন কর্মসূচিতে উক্ত সিদ্ধান্তদ্বয়ের যথাযথ বাস্তবায়ন/কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২১/৩/২০১৮

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (সমন্বয়)
মোবা: ০১৯১৮১৭৪৬১১
Email: dstmed17@gmail.com

বিতরণ সদয় কার্যার্থে:
১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৬। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়া।
৮। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।
৯। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**
১) অতিরিক্ত সচিব, ডিই অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২)মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) যুগ্মসচিব (প্রশাসন-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব (প্রশাসন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) অফিস কপি।

Disk-E/L.D.C Status/লেটার

"স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ"

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ডিই অনুবিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

স্মারক নং-০৯.০০.০০০০.২২৬.৪৫.০২৪.১৮-৩৯০

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ / ১২ মার্চ ২০১৮

**বিষয়ঃ বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জন করায় আগামী ২২ মার্চ, ২০১৮ তারিখ BICC-তে মাননীয় প্রধানমন্ত্রীকে সংবর্ধনা অনুষ্ঠান প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আগামী ১২-১৬ মার্চ, ২০১৮ তারিখে জাতিসংঘের সিডিপি-এর ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশের ক্যাটাগরি হতে উত্তরণের (Graduation from LDC Category) জন্য প্রথমবারের মত সুপারিশ লাভ করবে যা স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের উন্নয়নে একটি বড় ঐতিহাসিক অর্জন। এ উপলক্ষে আগামী ২২ মার্চ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা প্রদান করা হবে।

০২। এ ঐতিহাসিক অর্জনটি উদযাপন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী নিম্নবর্ণিত অনুষ্ঠান/কর্মসূচির একটি রূপরেখা সদয় অনুমোদন করেছেন:

<u>বৃহস্পতিবার, মার্চ ২২, ২০১৮</u>

| সময়/ স্থান | অনুষ্ঠান/ কর্মসূচি | আয়োজনকারী/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কর্তৃপক্ষ |
|---|---|---|
| সকাল ১০:০০ঘটিকা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র | **আনুষ্ঠানিক কর্মসূচি**<br>- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মাননীয় প্রধানমন্ত্রীর শ্রদ্ধাঞ্জলি নিবেদন।<br>- বাংলাদেশের ভাবমূর্তি সমুজ্জ্বলে নেতৃত্বদানকারী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা প্রদান;<br>- সিডিপি (জাতিসংঘ)-এর সুপারিশপত্র মাননীয় প্রধানমন্ত্রীর নিকট আনুষ্ঠানিক হস্তান্তর;<br>- বাংলাদেশের অর্জন ও উন্নয়ন নির্ভর ভিডিও ডকুমেন্টারি উপস্থাপন;<br>- মাননীয় প্রধানমন্ত্রীকে সংবর্ধনা ও বিভিন্ন শ্রেণি-পেশার পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা;<br>- মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্মারক ডাক টিকেট, স্মারক নোট ও উন্নয়নের ফটো এ্যালবামের মোড়ক উন্মোচন;<br>- উত্তরণ উদযাপন উপলক্ষে প্রস্তুতকৃত বিশেষ স্মরণিকা বিতরণ<br>- গীতি আলেখ্য পরিবেশন। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| বেলা ৪:০০ ঘটিকা রাজধানীর চারটি নির্দিষ্ট পয়েন্ট থেকে | **বর্ণাঢ্যশোভাযাত্রা**<br>বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক শহরময় সুসজ্জিত বাদকদল/ তারকা খেলোয়ার/ অভিনেতাসহ/ বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে বর্ণাঢ্য শোভাযাত্রা চারটি পয়েন্ট হতে যাত্রা শুরু করে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবর্তী হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| সন্ধ্যা ৭:০০ ঘটিকা বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম | **সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান**<br>-গণভবন থেকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠান উদ্বোধন;<br>-লেজার শো, ফায়ার ওয়ার্কসহ দুই/তিন ঘন্টার একটি মনোজ্ঞ সাংস্কৃতিকঅনুষ্ঠান। | সংস্কৃতি মন্ত্রণালয় |

শুক্রবার, মার্চ ২৩, ২০১৮

| সময়/ স্থান | অনুষ্ঠান/ কর্মসূচি | |
|---|---|---|
| সকাল ১০:০০ ঘটিকা রেডিসন ব্লু | **আন্তর্জাতিক সেমিনার**<br>এলডিসি স্ট্যাটাস হতে উত্তরণ সংক্রান্ত একটি আন্তর্জাতিক সেমিনার। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| বেলা ৪:০০ ঘটিকা রেডিসন ব্লু | **টেকনিক্যাল টিমের সাথে মতবিনিময়**<br>সীমিত পর্যায়ে বিশেষজ্ঞদের নিয়ে মতবিনিময়। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |

সারা দেশব্যাপী উদযাপন কর্মসূচি, মার্চ ২০-২৫, ২০১৮

| অনুষ্ঠান/ কর্মসূচি | |
|---|---|
| **বিশেষ সেবা সপ্তাহ পালন**- সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগণের দোড় গোড়ায় পৌছে দিতে দৃশ্যমানভাবে সেবাদান ও মান নিশ্চিতকরণ। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| জেলা/ উপজেলা পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান। | বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ ইউ.এন.ও |
| তথ্য ও প্রযুক্তি বিষয়ক উন্নয়নের প্রদর্শনী। | তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| এলাকা ভিত্তিক জনপ্রিয় খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন, যেমনঃ নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদি। | বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক/ ইউ.এন.ও |

সারা দেশব্যাপী প্রচার অভিযান, মার্চ ২০-২৫, ২০১৮

| অনুষ্ঠান/ উদ্যোগ | |
|---|---|
| প্রিন্টমিডিয়ায় গোল টেবিল আলোচনা, তথ্যধর্মী লেখা,সম্পাদকীয় প্রকাশ। | তথ্য মন্ত্রণালয় |
| টিভি/বেতার ইলেক্ট্রনিক মিডিয়ায় TVC, থিম সং (Theme Song) প্রচারসহ টকশো আয়োজন। | তথ্য মন্ত্রণালয় |
| দেশের পরিচিত সুশীল সমাজের প্রতিনিধিদের সম্পৃক্ত করে উত্তরণের ইতিবাচক দিকগুলো জনগণের মাঝে উপস্থাপন। | তথ্য মন্ত্রণালয় |
| সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে এলডিসি উত্তরণ সংক্রান্ত তথ্য উপস্থাপন। | শিক্ষামন্ত্রণালয় |
| ফেসবুক,টুইটার, ব্লগ ইত্যাদির মত সোশ্যালমিডিয়ায় এ অর্জনের প্রচারণা। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| ঢাকা শহরকে নানাবিধ ফ্যাস্টুন, ব্যানার, পোস্টার, এলইডিলাইটিং, রঙিন পতাকা দিয়ে সজ্জিতকরণ। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| জেলা/ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, Theme Song প্রচার। | স্থানীয় সরকার বিভাগ/ তথ্য মন্ত্রণালয় |
| বাস/ গাড়িসহ বিভিন্ন যানবাহনে উন্নয়ন ও উত্তরণ সংক্রান্ত স্টিকার লাগানো। | সড়ক বিভাগ |
| পালাগান/ জারি গান/ লোকজ সংস্কৃতির মাধ্যমে উন্নয়ন ও উত্তরণের গুরুত্ব তুলে ধরে প্রচারণা। | সংস্কৃতি/ তথ্য মন্ত্রণালয় |

০৩। এমতাবস্থায়, অনুমোদিত অনুষ্ঠান/কর্মসূচির একটি রূপরেখা সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১২/৩/২০১৮

(মনোয়ার আহমেদ)
অতিরিক্ত সচিব (অনুবিভাগ প্রধান)
ও
সদস্য-সচিব (জাতীয় টাস্কফোর্স)
ফোন: ৯১৪৫৪৪২
ই-মেইল: ahmedmonowar@hotmail.com